# হালুয়াঘাট উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মাহমুদুল হক সায়েম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ কনফারেন্স রুম
হালুয়াঘাট, ময়মনসিংহ।

সভার তারিখ ঃ ১২/১০/২০২১ খ্রিঃ, সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে নতুন বছরের শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে হালুয়াঘাট উপজেলাকে একটি মডেল উপজেলা হিসেবে গড়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন এবং করোনা প্রতিরোধে সকলকে একযোগে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। অতপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নিবর্হী অফিসার, হালুয়াঘাট কে অনুরোধ জানান। উপজেলা নিবর্হী অফিসার, হালুয়াঘাট সকলকেশুভেচ্ছা, স্বাগত ও ধন্যবাদ জানান এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কার্যবিবরণীতে কোন সংযোজন/বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। বিভাগীয় কার্যক্রমের উপর আলোচনা ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১ | ক. উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, হালুয়াঘাট এর পক্ষে ডাঃ সৈয়দ সাদ ইবনে ওয়াসেক, মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হালুয়াঘাট সভায় জানান যে, করোনা ভাইরাস থেকে বাঁচতে হলে সাবান দিয়ে মাস্ক ব্যবহার করা, হাত ধোতে হবে, হাত না ধুয়ে চোখ, মুখ ও নাক স্পর্শ না করা, হাঁচি কাঁশি দেয়ার সময় মুখ ঢেকে রাখা, সামাজিক দূরত্ব বজায় রেখে চলার বিষয়ে সভাকে অবহিত করেন। এ ছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।<br><br>খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট সভায় হালুয়াঘাট উপজেলার অধিকাংশ কমিউনিটি ক্লিনিক নির্দিষ্ট সময়ে খোলে না এবং প্রায় সময় বন্ধ থাকে এতে করে অত্র অঞ্চলের সাধারণ মানুষ চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে মর্মে প্রায় সময় মানুষ বিভিন্ন অভিযোগ করছে বলে তিনি সভায় অবহিত করেন। তিনি কমিউনিটি ক্লিনিক নিয়মিত যাতে খোলা হয় এবং নিয়মিত কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করার জন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাকে অনুরোধ জানান।<br><br>গ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় জানান যে, হাসপাতালে আগত সেবা প্রার্থীরা যাতে নির্বিঘ্নে সেবা পায় সে লক্ষে নতুন এ্যাম্বুলেন্সের পাশাপাশি পুরাতন এ্যাম্বুলেন্সটি দ্রুত মেরামত করার জন্য সভায় প্রস্তাব করেন। | ১.কমিউনিটি ক্লিনিকের হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি)গণ নিয়মিত কমিউনিটি ক্লিনিকগুলো চালু রেখে সাধারণ মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগ নিয়মিত চালু রেখে ডাক্তারের উপস্থিতিতে স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।<br><br>গ. সভায় বিস্তারিত আলোচনান্তে হাসপাতালে আগত সেবা প্রার্থীরা যাতে নির্বিঘ্নে সেবা পায় সে লক্ষে পুরাতন এ্যাম্বুলেন্সটি দ্রুত মেরামত পূর্বক সরকারি ফি এবং ২টি এ্যাম্বুলেন্সের যোগাযোগ নম্বরসহ দৃশ্যমান স্থানে ব্যানার/ফেস্টুন টানিয়ে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ অফিসার ও সংশ্লিষ্ট সকল, হালুয়াঘাট, ময়মনসিংহ। |
| ২.২ | উপজেলা কৃষি বিভাগ ঃ<br>ক. জনাব মাসুদুর রহমান, উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা কমপ্লেক্সের অভ্যন্তরে পানি নিষ্কাশন করা এবং মশার উৎপাত বেড়ে যাওয়ায় ফগার মেশিনের মাধ্যমে ধোয়া প্রদানের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া হালুয়াঘাট এর নতুন ফসল কাজু বাদাম এবং কফি চাষ শুরু হবে বলে তিনি সভায় অবহিত করেন। এছাড়া তিনিও আরও জানান যে, ২০২১-২২ অর্থ বৎসরে কৃষি প্রণোদনা ও পুনর্বাসনের আওতায় হালুয়াঘাট উপজেলায় ১৫ জন পাট চাষী ও ৩০ জন পেয়াজ চাষীদের মাঝে বীজ, সার ও নগদ অর্থ বিতরণ করা হবে।<br><br>খ.উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট জানান যে, তৃণমুল পর্যায়ে জনসাধারণকে One Stop Service প্রদানের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে কৃষি সম্প্রসারণ অফিসের উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ কে কৃষকদের সেবা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে বসার উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট এর দৃষ্টি আকর্ষণ করেন এবং উপজেলা কৃষি অফিসার কে এ বিষয়টি তদারকি করার জন্য অনুরোধ জানান। | ১.ডিলারদের মাধ্যমে বিধি মোতাবেক নির্দিষ্ট সময়ে সার উত্তোলন এবং মূল্যের বিষয়টি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।<br>২. সভাপতি এগ্রিমল/কৃষি পণ্যের ন্যার্য্য বাজার যাতে নিয়মিত চালু থাকে সেজন্যে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক নিয়মিত মনিটরিং করার জন্য পরামর্শ প্রদান করেন।<br>৩. প্রত্যেক সারের দোকানে বাধ্যতামূলক ভাবে মূল্য তালিকা টানানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. সভায় বিস্তারিত আলোচনার পর সারের কৃত্রিম সংকট রোধ করার জন্য বিশেষ ভাবে নজরদারি বৃদ্ধি করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | ১। মেয়র, হালুয়াঘাট পৌরসভা<br><br>২। উপ-সহকারী কৃষি কর্মকর্তা সকল।<br><br>৩। উপজেলা কৃষি কর্মকর্তা,হালুয়াঘাট। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.৩ | এলজিইডি ঃ<br>ক. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, হালুয়াঘাট এর পক্ষে জনাব মোঃ মাহবুব হাসান, উপ-সহকারী প্রকৌশলী, হালুয়াঘাট সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) এর ১। কৃষি ও সেচ-১০% ২। মৎস্য ও প্রাণিসম্পদ-৫% ৩। ক্ষুদ্র ও কুঠির শিল্প-৫% ৪। বস্তুগত অবকাঠামো (পরিবহন ও যোগাযোগ)-১৫% ৫। জনস্বাস্থ্য-১৫% ৬। আর্থ সামাজিক অবকাঠামো (শিক্ষা উন্নয়ন) ১০% ৭। স্বাস্থ্য ও সমাজ কল্যাণ-১৫% ৮। যুব, ক্রীড়া ও সংস্কৃতি-১০% ৯। মহিলা ও শিশু কল্যাণ-১০% ১০। বিবিধ-১০% খাত ভিত্তিক প্রকল্প তালিকা দাখিল করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।<br>খ. তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ১০ (দশ) জন আনসার সদস্যদের জন্য আবাসন ভবন নির্মাণের জন্য টেন্ডার আহ্বান করে নির্বাচিত ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হয়েছে বিধায় আবাসন ভবনের জায়গা নির্ধারণ করা জরুরি। এ প্রেক্ষিতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের পূর্বপাশ সংলগ্ন পুরাতন জরাজীর্ণ ভবনটি উপজেলা পরিষদের অফিসসহ আবাসিক এলাকার সুশৃঙ্খল পরিবেশ ও আইন শৃঙ্খলা রক্ষার স্বার্থে জরুরি ভিত্তিতে অপসারণ করা প্রয়োজন। এ ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, আগস্ট/২০২১ মাসের উপজেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের পূর্বপাশ সংলগ্ন পুরাতন জরাজীর্ণ ভবনটি জরুরি ভিত্তিতে অপসারণের জন্য উপজেলা পরিষদের নিকট প্রস্তাব জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সার্বিক আলোচনান্তে চেয়ারম্যান উপজেলা পরিষদ, হালুয়াঘাট সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের পূর্বপাশ সংলগ্ন পুরাতন জরাজীর্ণ ভবনটি জরুরি অপসারণ পূর্বক সেখানে আনসারদের আবাসন ভবন নির্মাণের জন্য উপস্থিত সকলের সর্বসম্মত সিদ্ধান্ত কামনা করেন।<br>গ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান কোয়ার্টার জরাজীর্ণ হয়ে যাওয়ায় এবং বাথরুম ব্যবহার অনুপযোগী হয়ে যাওয়ায়জরুরি ভিত্তিতে প্রাক্কলন তৈরি পূর্বক বিল প্রদানের জন্য তিনি সভায় আহ্বান জানান। | ক. সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২১-২২ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) প্রকল্প দাখিল করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ. সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের পূর্বপাশ সংলগ্ন পুরাতন জরাজীর্ণ ভবন জরুরি ভিত্তিতে অপসারণ পূর্বক সেখানে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ১০ জন আনসার সদস্যদের জন্য আবাসন ভবন নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ লক্ষ্যে পুরাতন জরাজীর্ণ ভবনটি জরুরি ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত পূর্বক পরবর্তী সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ. সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান কোয়ার্টার জরাজীর্ণ হয়ে যাওয়ায় এবং বাথরুম ব্যবহার অনুপযোগী হয়ে যাওয়ায় জরুরি ভিত্তিতে কার্যক্রম সম্পন্ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট।<br>২। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট। |
| ২.৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:<br>ক. জনাব মোহাম্মদ আলাল উদ্দিন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, তাঁর দপ্তরের স্বাভাবিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তবে গাবরাখালী গারো পাহাড় পর্যটন কেন্দ্রের রেস্ট হাউজটি উপজেলা পরিষদের অর্থায়নে নির্মাণ করা হয়েছে এবং রেস্ট হাউজের নির্মাণ করা সম্পন্ন হয়েছে। তিনি ২০২১-২২ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর মাধ্যমে রেস্ট হাউজের ফার্নিচার সরবরাহ করার জন্য সভায় প্রস্তাব করেন। তিনি আরও জানান যে, ২০২০-২১ অর্থ বৎসরে হালুয়াঘাট উপজেলায় মুজিববর্ষে ভূমিহীন ও গৃহহীন ১৪০টি পরিবারের জন্য গৃহনির্মাণ পূর্বক উপকারভোগীদের পুনর্বাসিত করা হয়েছে। এ ক্ষেত্রে গাজিরভিটা ইউনিয়নের গাবরাখালী স্পটে ১৪টি পুনর্বাসিত গৃহ এবং বিলডোরা ইউনিয়নের আতুয়াজঙ্গল মৌজায় ৪টি পুনর্বাসিত গৃহের স্থায়ী সুরক্ষার জন্য প্যালাসাইডিং/গাইড ওয়াল নির্মাণ করা আবশ্যক। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২১-২২ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর মাধ্যমে রেস্ট হাউজের ফার্নিচার সরবরাহ করণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং গাবরাখালী ও আতুয়াজঙ্গল এলাকায় মুজিববর্ষের পুনর্বাসিত গৃহের স্থায়ী সুরক্ষার জন্য প্যালাসাইডিং/গাইড ওয়াল নির্মাণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হালুয়াঘাট ।<br>৩। ইউ.পি. চেয়ারম্যান (সংশ্লিষ্ট) |
| ২.৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ<br>ক. উপজেলা প্রাণিসম্পদ অফিসার এর পক্ষে ডাঃ তারেক আহমেদ, ভেটেরিনারি সার্জন, হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে অক্টোবর/২০২১ মাসে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে নিম্নরূপ কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে অক্টোবর/২০২১ মাসে ০৫টি ইউনিয়নে মোট ৫৩২০টি গবাদিপ্রাণিকে সংক্রামক রোগের টিকা প্রদান করা হয়েছে ২) পোল্ট্রি খামারিদের মাঝে হাঁস-মুরগির রানীক্ষেত এবং ডাকপ্লেগ রোগের মোট ৩৩০০০ মাত্রা টিকা বিতরণ করা হয়েছে ৩) গবাদি প্রাণির চিকিৎসা করা হয়েছে ২৮০৮টি ৪) হাঁস-মুরগির চিকিৎসা করা হয়েছে ২১৩১০টি ৫) ১২টি ইউনিয়নে মোট ১২৫ টি গাভী ও বকনা গরুকে কৃত্রিম প্রজনন করা হয়েছে ০৬) কৃত্রিম প্রজনন ও টিকা বীজ বিক্রয় করে সরকারি রাজস্ব জমা হয়েছে ১৫,৯০০/- টাকা।<br>খ. এছাড়াও তিনি আরও জানান যে, উপজেলা প্রাণিসম্পদ অফিসে জরাজীর্ণ পুরাতন ২টি রয়েছে ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে বিধায় উক্ত ভবনগুলো জরুরি ভিত্তিতে কনডেম ঘোষণার নিমিত্তে প্রাক্কলন প্রস্তুত করার জন্য তিনি উপজেলা প্রকৌশলী, হালুয়াঘাট কে অনুরোধ জানান।<br>গ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, যত্রতত্র গবাদি পশুর ঔষধ বিক্রি হচ্ছে এবং পল্লী চিকিৎসকগণের কোন লাইসেন্স নাই। তারা থার্ড জেনারেশনের এন্টিবায়োটিক ঔষধ প্রেশক্রিপশন করছেন। এদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য তিনি সভায় আহ্বান জানান। | ১) হাঁস/মুরগীর এভিয়েন ইনফ্লুয়েঞ্জা /বার্ডফ্লুতে আক্রান্ত না হয় সে দিকে খেয়াল রেখে টিকা প্রদান কর্মসূচি গ্রহণসহ প্রয়োজনীয় ঔষধ সরবরাহ নিশ্চিত এবং আগত সেবাপ্রার্থীকে সঠিক চিকিৎসা ও পরামর্শ দিয়ে সহযোগিতা করতে হবে।<br>২) গবাদি পশু ও হাঁস মুরগীর খাদ্য, ফিড মিল ও ঔষধের দোকানের তালিকা প্রস্তুত করার জন্য অনুরোধ করা হলো।<br>খ. সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রাণিসম্পদ অফিসে জরাজীর্ণ পুরাতন ২টি রয়েছে ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে বিধায় উক্ত ভবনগুলো জরুরি ভিত্তিতে কনডেম ঘোষণার নিমিত্তে প্রাক্কলন প্রস্তুত করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ. সভায় বিস্তারিত আলোচনান্তে যাতে যত্রতত্র গবাদি পশুর ঔষধ বিক্রি করতে না পারে এ বিষয়ে নজরদারি বৃদ্ধি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট,<br>২। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হালুয়াঘাট।<br>৩। উপজেলা প্রকৌশলী, হালুয়াঘাট। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.৬ | উপজেলা শিক্ষা বিভাগ ঃ<br>ক. জনাব স্বপন কুমার সূত্রধর, উপজেলা শিক্ষা অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, করোনা ভাইরাস প্রাদুর্ভাবকালীন সময়ে স্কুল বন্ধ রয়েছে এবং অনলাইনের মাধ্যমে শ্রেণি পাঠদান কার্যক্রম চালু রয়েছে। এছাড়াও স্কুলের শিক্ষক শিক্ষিকার মাধ্যমে ছাত্র-ছাত্রীর বাড়িতে গিয়ে বিস্কুট বিতরণ করা হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। তাছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১. করোনাকালীন সময়ে স্কুলের কোমলমতি ছাত্র-ছাত্রীদের মানষিক ভাবে চাঙ্গা করার লক্ষ্যে অনলাইন ক্লাশের উপর গুরুত্বারোপ করতে হবে।<br>২. সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা শিক্ষা কমিটিকে নতুন করে আপডেট ও কার্যকর করা এবং নিয়মিত এর সভা অনুষ্ঠানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাথমিক শিক্ষার সামাজিক বিষয়গুলোকে সর্বাধিক গুরুত্ব এবং নিয়মিত উপজেলা শিক্ষা কমিটির সভা আহ্বানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নিবহী অফিসার,হালুয়াঘাট।<br>২। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট।<br>৩। উপজেলা শিক্ষা কর্মকর্তা,হালুয়াঘাট,<br>৪। উপজেলা সহকারী শিক্ষা অফিসার (সকল)। |
| ২.৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ<br>ক. জনাব মোঃ দেলোয়ার হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, করোনা ভাইরাস সংক্রমণের কারণে দীর্ঘ প্রায় দেড় বছর শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার পর আগামী ১২ সেপ্টেম্বর থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলবে। দীর্ঘদিন পর শিক্ষা প্রতিষ্ঠান খোলার পূর্ব প্রস্তুতি হিসাবে শিক্ষা প্রতিষ্ঠান পরিস্কার পরিচ্ছন্ন ও পাঠদানের উপযোগী করার লক্ষ্যে সকল প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে স্বাস্থ্যবিধি মেনে এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থীরা প্রতিদিন এবং অন্যান্য শ্রেণির শিক্ষার্থীরা সপ্তাহ ১ দিন পাঠদান কার্যক্রমের অংশগ্রহণ করবে। এ বিষয়ে জনপ্রতিনিধিগণকে স্বাস্থ্যবিধি প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করার অনুরোধ করা হলো। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১. করোনাকালীন সময়ে স্কুলের কোমলমতি ছাত্র-ছাত্রীদের মানষিক ভাবে চাঙ্গা করার লক্ষ্যে অনলাইন ক্লাশের পরিধি বৃদ্ধি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। বাল্য বিবাহ রোধে প্রত্যেক স্কুলে আলোচনা অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হালুয়াঘাট ও সংশ্লিষ্ট সকল।<br>২। উপজেলা একাডেমিক সুপারভাইজার হালুয়াঘাট |
| ২.৮ | উপজেলা মৎস্য বিভাগঃ<br>জনাব মোহাম্মদ ফরিদুল ইসলাম, উপজেলা মৎস্য অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, মৎস্য সম্পদ সংরক্ষণ ও উন্নয়ন, জনগণের মধ্যে ব্যাপক গণসচেতনতা সৃষ্টি ও উদ্বুদ্ধকরণ এবং সপ্তাহটি সফল বাস্তবায়নে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | ক. গৃহীত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।<br>খ. মৎস্য চাষ উন্নয়নে আধুনিক প্রযুক্তি গ্রহণের মাধ্যমে মৎস্য চাষ কার্যক্রম জোরদার করতে হবে। | ১। উপজেলা মৎস্য অফিসার, হালুয়াঘাট। |
| ২.৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ<br>ক. ডাঃ নূর মোহাম্মদ, উপজেলা পঃপঃ অফিসার, হালুয়াঘাটসভায় অনুপস্থিত থাকায় দুঃখ প্রকাশ করা হয়। আগামী সভায় প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br>খ. উপজেলা পঃপঃ অফিসার, হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। অত্র হালুয়াঘাট উপজেলায় অক্টোবর/২০২১ খ্রি. মাসে মাসিক অগ্রগতির প্রতিবেদন (CAR) রিপোর্ট অনুযায়ী ৬৭,৮৪৫ জন সক্ষম দম্পতিদের মধ্যে পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৫৩৬২৭জন এবং হার ৭৯.০৪% অক্টোবর/২০২১ খ্রি. মাসে স্থায়ী ও অস্থায়ী দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহীতার সংখ্যা নিম্নে উল্লেখ করা হলো ঃ (১) স্থায়ী পদ্ধতি গ্রহীতার সংখ্যা পুরুষঃ ০ জন, (২) স্থায়ী পদ্ধতি গ্রহীতার সংখ্যা মহিলাঃ ০৮ জন, (৩) অস্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি ইমপ্ল্যান্ট গ্রহীতার সংখ্যা ঃ ৫৩ জন (৪) অস্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি কপারটি (I.U.D) গ্রহীতার সংখ্যাঃ ২৪ জন। তাছাড়া পরিবার কল্যাণ সহকারীদের মাঠ কর্মসূচী অনুযায়ী বাড়ী পরিদর্শন, পরিবার পরিকল্পনার অস্থায়ী জন্মবিরতিকরণ সামগ্রী নিয়মিতভাবে বিতরণ চলছে। পরিবার পরিকল্পনা পরিদর্শকগণ মাঠ কার্যক্রম যথারীতি তদারকি, মাসিক মিটিং সম্পন্ন করছে। সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে উপ-সহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার ও পরিবার কল্যাণ পরিদর্শিকাদের সমন্বয়ে মা ও শিশু স্বাস্থ্যসহ সাধারণ রোগীদের নিয়মিত সেবাদান কার্যক্রম এবং আর.ডি ক্লিনিকসমূহে পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ মা ও শিশু স্বাস্থ্যসহ সাধারণ রোগীদের নিয়মিত সেবাদান কার্যক্রম করে যাচ্ছে। প্রত্যেক ইউনিয়নে পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ মা ও শিশু স্বাস্থ্যসহ সাধারণ রোগীদের নিয়মিত সেবাদান কার্যক্রম করে যাচ্ছে। প্রত্যেক ইউনিয়নে পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ তাদের স্যাটেলাইট ক্লিনিক প্রোগ্রাম অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম চালিয়ে যাচ্ছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র খোলা রয়েছে। অত্র হালুয়াঘাট উপজেলায় স্বেচ্ছাসেবীগণ স্বাভাবিক কাজ করে যাচ্ছে। উপ-সহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার ০২ জন ও পরিবার কল্যাণ পরিদর্শিকা ০৯ জন শূন্য রয়েছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র খোলা হয়েছে। বর্তমানে করোনা ভাইরাস ৩য় ঢেউয়ের বৃদ্ধির আশঙ্কায় পরিবার পরিকল্পনা বিভাগের স্বাস্থ্য বিধি মেনে বার বার পানি দিয়ে হাত ধোয়া, নাক ও চোখ স্পর্শ থেকে বিরত থাকা, মাস্ক ব্যতীত অফিসে প্রবেশ না করা এবং সামাজিক দূরত্ব বজায় রেখে মাঠে সেবা প্রদান করা। সর্দি জ্বরে আক্রান্ত ব্যক্তি থেকে কমপক্ষে ১ মিটার বা ৩ ফুট নিরাপদ দূরত্ব থাকা। পূর্বে পরিবার পরিকল্পনা বিভাগের প্রত্যেক ইউনিয়ন ভিত্তিক মাঠকর্মীর করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধ কমিটি গঠন ও সাধারণ মানুষ কোভিড-১৯ রোগ সম্পর্কে সচেতনতামূলক প্রচারণা অব্যাহত আছে। | ১.জনসংখ্যা বৃদ্ধিরোধকল্পে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ হতে প্রদত্ত সেবাগুলোর বিষয়ে গণমানুষকে ব্যাপকভাবে সুফল সম্পর্কে অবহিত করতে হবে যাতে করে তারা এ পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধ হতে পারে।<br>২.মাঠ পর্যায়ে নিয়োজিত সেবা প্রদানকারীগণের কার্যক্রমের উপর সার্বক্ষণিক পরিদর্শন কাজ অব্যাহত রাখতে হবে।<br>৩.সরকারি লক্ষ্য মাত্রানুযায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি প্রদান কার্যক্রম ব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার ও সংশ্লিষ্ট সকল। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১০ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ<br>ক. জনাব গোলে জান্নাত সেতু, উপজেলা মহিলা বিষয়ক অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, তাঁর কার্যালয়ে ভিজিডি কার্যক্রম, ক্ষুদ্র ঋণ কার্যক্রম, স্বেচ্ছাসেবী সংগঠন সমূহের কার্যক্রম, বাল্যবিবাহ প্রতিরোধ, যৌতুক রোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত প্রভৃতি কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলছে।<br>খ. উপজেলা নিবর্হী অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, বাল্য বিবাহ নিরুসাহিত করার জন্য আমাদের নিজ নিজ অবস্থান থেকে একটি বলয় তৈরি করতে হবে এবং জনগণকে বাল্য বিবাহের কুফল সম্পর্কে ধারণা দিতে হবে। | ক. নারী নির্যাতন, বাল্য বিবাহ ও যৌতুক প্রতিরোধকল্পে সচেতনতামূলক উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>খ. বাল্য বিবাহ রোধে তাঁকে আরও দায়িত্বশীল ভূমিকা রাখার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, সকল ইউ.পি., হালুয়াঘাট, ময়মনসিংহ। |
| ২.১১ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ<br>ক. জনাব গোলাম মোস্তফা, উপজেলা যুব উন্নয়ন অফিসার, হালুয়াঘাট জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে এবং নিয়মত কাজের বাইরে মুজিববর্ষে গৃহহীন ও ভূমিহীন পুনর্বাসিত পরিবারের জীবনমান উন্নয়নে যুব মহিলা ও পুরুষদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | ১. আত্মকর্মসংস্থানমূলক কার্যক্রমসহ গৃহীত অন্যান্য সকল কর্মসূচির সফল বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ। |
| ২.১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>ক. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, হালুয়াঘাট তার দপ্তরের বাস্তবায়নাধীন কর্মসূচি ও প্রকল্প সমূহ সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তাঁর দপ্তরে বর্তমানে ৯টি প্রকল্প চলমান রয়েছে। তন্মেধ্যে ১৫৬টি গভীর নলকূপ আছে। সচল রয়েছে ৯২টি। অবশিষ্ট মেশিনগুলো মেরামতের সুপারিশ করা হয়েছে। ৯টি প্রকল্পে মোট ঋণ প্রদান ২০ কোটি ৯৯ লক্ষ টাকা। মোট ঋণ আদায় হয়েছে ১৮ কোটি ৭০ লক্ষ টাকা। মাঠে বকেয়া আছে ২ কোটি ২৯ লক্ষ টাকা। আদায়ের গড় হার ৮৯%। করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে মাঠ পর্যায়ে সামান্য সমস্যা দেখাছে। সকলের সনম্বিত সহযোগিতার মাধ্যমে তা উত্তরণ সম্ভব। উল্লেখ্য যে, ব্যাংক ঋণ, নিজস্ব তহবিল এবং মহিলা উন্নয়ন অনুবিভাগ প্রকল্প হতে প্রদানকৃত ঋণ বিতরণ ও আদায় ১০০% অর্জিত হয়েছে। অপ্রধান শস্য প্রকল্পের আওতায় নতুন করে ৯৪ জন কৃষক কৃষাণীকে ১৪ লক্ষ ১৬ হাজার টাকা ঋণ বিতরণ ও বিভিন্ন কাজের বীজের সুবিধা প্রদান করা হয়েছে। | ১। বিআরডিবি বিভাগের সমিতিভুক্ত সদস্যদেরকে সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতার কুফল সম্পর্কে সচেতনতামূল আলোচনা অব্যাহত রাখতে হবে।<br>২। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে আরও গতিশীল করতে হবে।<br>৩। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে নিয়োজিত মাঠকর্মীদের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করতে হবে।<br>৪। ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালন করতে হবে। | ১। উপজেলা নিবর্হী অফিসার, হালুয়াঘাট।<br>২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, হালুয়াঘাট। |
| ২.১৩ | উপজেলা সমাজসেবা বিভাগ ঃ<br>ক. জনাব মোঃ আব্দুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার, হালুয়াঘাট জানান যে, তাঁর দপ্তর হতে বয়স্কভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধীভাতা, মুক্তিযোদ্ধাদের সম্মানীভাতা ও প্রতিবন্ধী ছাত্র/ ছাত্রীদের উপবৃত্তি প্রদান কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট জানান যে, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে সরকার বদ্ধ পরিকর এবং এই অঙ্গীকার বাস্তবায়নে দেশের বয়োজ্যেষ্ঠ দুস্থ ও স্বল্প উপার্জনক্ষম অথবা উপার্জনে অক্ষম বয়স্ক জনগোষ্ঠীর সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা'র টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে উপকারভোগীর একাউন্টে ঢুকলেও এই টাকা হাতিয়ে নিচ্ছে ৩য় পক্ষ এবং উপকারভোগীগণ টাকা পাচ্ছেন না,যা খুবই দুঃখজনক এবং অনাকাঙ্খিত। এতে করে দুস্থ ও স্বল্প উপার্জনক্ষম অথবা উপার্জনে অক্ষম ব্যক্তিগণ ক্ষতিগ্রস্ত হচ্ছে বলে সভায় অভিমত ব্যক্ত করেন। | ৩. সকল প্রকার ভাতা বিতরণ কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যেই শেষ করতে হবে।<br>৪. মাঠ পর্যায়ে কর্মরত মাঠকর্মীদের কাজ সার্বক্ষণিক তদারকি করতে হবে।<br>খ. সভায় বিস্তারিত আলোচনান্তে বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা'র টাকা যাতে ৩য় পক্ষ/অন্য কেউ উত্তোলন করতে না পারে সে ক্ষেত্রে বাস্তবভিত্তিক পর্যালোচনা পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ময়মনসিংহ বরাবর পত্র প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার, হালুয়াঘাট<br>৩। ইউ.পি. চেয়ারম্যান (সকল), হালুয়াঘাট। |
| ২.১৪ | উপজেলা সমবায় বিভাগ :<br>ক. জনাব মোহাম্মদ কামরুল হুদা, উপজেলা সমবায় কর্মকর্তা উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক নিয়মে এগিয়ে চলছে। সমবায় অধিদপ্তর কর্তৃক পরিচালিত "গারো সম্প্রদায়ের জীবন যাত্রার উন্নয়ন প্রকল্পে" ১০টি সমবায় সমিতির ৪০০ জন উপকারভোগীকে ৮০,০০,০০০/- (আশি লক্ষ) টাকা ঋণ প্রদান করা করে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ২৯১৮০০০০/- টাকা দাদন করে আসল ২১২৩৮৫২০/- টাকা আদায় করা হয়েছে। এছাড়াও আমার বাড়ি আমার খামার (৪র্থ সংশোধনী) প্রকল্পের আওতায় সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র-তাত্ত্বিক জনগোষ্ঠীর জীবনযাত্রার উন্নয়ন কম্পোনেন্ট। অত্র কার্যালয়ে বাস্তবায়িত হচ্ছে মোট ৫টি সমবায় সমিতি গঠন করে শেয়ার, সঞ্চয় আদায় করে মূলধন গঠন করা হচ্ছে এবং সরকারি অনুদান (প্রকল্প হতে) ২৬২৭৩০০/- টাকা পাওয়া গিয়াছে এবং ২০৯ জন সদস্যদের ঋণ হিসাবে ইতিমধ্যে তা বিতরণ করা হয়েছে এবং ১০১ জনকে আবর্তক তহবিল হতে ২০২০০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। আদায় অব্যাহত রয়েছে। | সমবায় বিভাগ হতে এ অঞ্চলের গণমানুষকে সেবা প্রদানের কাজ অব্যাহত রাখতে হবে।<br>ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে আরো গতিশীলতা আনয়ন করতে হবে।<br>আমতৈল আশ্রয়ন (ফেইজ-২) প্রকল্পের উপকারভোগীদের আরও নিবিড় ভাবে পর্যবেক্ষণ করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ। |
| ২.১৫ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ঃ<br>ক. জনাব মেহেদী হাসান, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), হালুয়াঘাট সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২০-২০২১ খ্রিঃ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি এর আওতায় হালুয়াঘাট উপজেলায় ৩১২ টি নলকূপ স্থাপনের কাজ শেষ পর্যায়ে রয়েছে। এ ক্ষেত্রে তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ সকলের সহযোগিতা কামনা করেন। | হালুয়াঘাট উপজেলার অনুমোদিত নলকূপ স্থাপন সঠিক ভাবে ও দ্রুত গতিতে শেষ করার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), হালুয়াঘাট। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১৬ | ফায়ার সার্ভিসঃ<br>স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, হালুয়াঘাট সভায় জানান যে, তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আন্তরিকতার সাথে সকল কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ হলো। | ১। স্টেশন অফিসার ফায়ার সার্ভিস, হালুয়াঘাট। |
| ২.১৭ | হালুয়াঘাট পৌরসভা ঃ<br>জনাব মোঃ খায়রুল আলম ভূঞা, মেয়র, হালুয়াঘাট পৌরসভা সভায় জানান যে, হালুয়াঘাট পৌরসভাস্থিত বিভিন্ন ড্রেইন এবং রাস্তার পাশে ময়লা আবর্জনা পরিস্কারের কার্যক্রম নিয়মিত চলমান রয়েছে। এছাড়াও মশক নিধন কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়াও পৌর এলাকার ৯টি ওয়ার্ডে সড়ক বাতি লাগানোর কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া পৌরসভার অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | মেয়র, হালুয়াঘাট পৌরসভার প্রস্তাব গুরুত্ব সহকারে বিবেচনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মেয়র, হালুয়াঘাট পৌরসভা, হালুয়াঘাট। |
| ২.১৮ | উপজেলা ভাইস চেয়ারম্যান ঃ<br>ক. জনাব শাখাওয়াত হোসেন ফকির, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (পুনঃপ্রবর্তন আইন, ২০০৯ ও সংশোধিত আইন, ২০১১) এর ২৯(১) ধারার বিধান অনুযায়ী, উপজেলা পরিষদের কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য ১৭টি কমিটি গঠন করা হয়েছে। কিন্তু স্থায়ী কমিটির সভা নিয়মিত না হওয়ায় উপজেলা পরিষদের কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে, বিধায় এখন হতে বিভাগীয় কর্মকর্তগণকে নিয়মিত স্থায়ী কমিটির সভা আহবান করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট।<br>২। বিভাগীয় প্রধান (সকল)<br>৩। উপজেলা ভাইস চেয়ারম্যান। |
| ২.১৯ | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ঃ<br>ক. জনাব ঝর্না ঘোষ, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (পুনঃপ্রবর্তন আইন, ২০০৯ ও সংশোধিত আইন, ২০১১) এর ২৯(১) ধারার বিধান অনুযায়ী, উপজেলা পরিষদের কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য ১৭টি কমিটি গঠন করা হয়েছে। কিন্তু স্থায়ী কমিটির সভা নিয়মিত না হওয়ায় উপজেলা পরিষদের কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে, বিধায় এখন হতে বিভাগীয় কর্মকর্তগণকে নিয়মিত স্থায়ী কমিটির সভা আহবান করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।<br>খ. তিনি আরও জানান যে,উপজেলা পর্যায়ে সামগ্রিক নারী জনপ্রতিনিধিদের অংশগ্রহণ বৃদ্ধি, পরিষদের সামগ্রিক কার্যক্রম অধিকতর কার্যকর ও নারীবান্ধব করা, প্রতিনিধিদের দক্ষতা বৃদ্ধি ও জেন্ডার সংবেদনশীল করা এবং পরিষদের নারীবান্ধব পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে নারী উন্নয়ন ফোরাম পরিচালন বিষয়ক নির্দেশিকা পাওয়া গিয়াছে। তিনি সকলকে এ বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ. সভায় বিস্তারিত আলোচনান্তে নারী উন্নয়ন ফোরাম কে কার্যকরী করণের জন্য নিবন্ধন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। বিভাগীয় প্রধান সকল<br>২। উপজেলা মহিলা বিয়ষক কর্মকর্তা, হালুয়াঘাট।<br>৩। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান। |
| ২.২০ | ভূবনকুড়া ইউ.পি. ঃ<br>জনাব মোঃ সুরুজ মিয়া, চেয়ারম্যান, ১ নং ভূবনকুড়া ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, ভূবনকুড়া সীমান্তবর্তী এলাকায় ভারতীয় বন্য হাতির উপদ্রব স্থায়ী ভাবে বন্ধ করার জন্য তিনি সভায় প্রস্তাব এবং ভূবনকুড়া ইউনিয়নে ১টি কমিউনিটি ক্লিনিকের জায়গা দেয়া হলেও এখন পর্যন্ত কাজ শুরু হয়নি বিধায় জরুরি ভিত্তিতে অত্র এলাকার মানুষের স্বাস্থ্যের কথা বিবেচনা পূর্বক কমিউনিটি ক্লিনিক নির্মাণ কাজ শুরু করার জন্য সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভারতীয় বন্য হাতির উপদ্রবে সীমান্তবর্তী এলাকায় উপদ্রব স্থায়ী ভাবে বন্ধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত এবং ভূবনকুড়া ইউনিয়নে জমি প্রদানকৃত কমিউনিটি ক্লিনিকের নির্মাণ কাজ শুবু করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট।<br>২। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট<br>৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা হালুয়াঘাট।<br>৪। চেয়ারম্যান, ভূবনকুড়া ইউ.পি |
| ২.২১ | জুগলী ইউ.পি. ঃ<br>জনাব মোঃ কামরুল হাসান, চেয়ারম্যান, ২ নং জুগলী ইউ.পি., হালুয়াঘাট সভায় জানান যে, জুগলী ইউনিয়নের বিভিন্ন রাস্তা ভেঙ্গে যাচ্ছে বিধায় জরুরি ভিত্তিতে ভাঙ্গা রাস্তাগুলো সংস্কার করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। এছাড়া হালুয়াঘাট টু কালাপাগলা রাস্তাটি ভেঙ্গে যাচ্ছে বিধায় ভিত্তিতে উক্ত রাস্তাটি সংস্কার করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নে অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, জুগলী ইউনিয়নের প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, জুগলী ইউ.পি.<br>৩। ইউ.পি. সচিব |
| ২.২২ | কৈচাপুর ইউ.পি. ঃ<br>জনাব জাহিদ আহমেদ সারোয়ার জাহান, চেয়ারম্যান, ৩ নং কৈচাপুর ইউ.পি., হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, বর্ষায় ইউনিয়নের বিভিন্ন রাস্তা ভেঙ্গে গেছে বিধায় জরুরি ভিত্তিতে ভাঙ্গা রাস্তাগুলো সংস্কার করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, কৈচাপুর ইউ.পি.<br>২। ইউ.পি. সচিব |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.২৩ | হালুয়াঘাট ইউ.পি. ঃ<br>জনাব মোঃ ইকরামুল হাসান খসরু, প্যানেল চেয়ারম্যান, ৪ নং হালুয়াঘাট ইউ.পি., হালুয়াঘাট সভায় জানান বর্ষায়ইউনিয়নের বিভিন্ন রাস্তা ভেঙ্গে গেছে বিধায় জরুরি ভিত্তিতে ভাঙ্গা রাস্তাগুলো সংস্কার করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, হালুয়াঘাট ইউ.পি.<br>৩। ইউ.পি. সচিব |
| ২.২৪ | গাজিরভিটা ইউ.পি. ঃ<br>জনাব মোঃ দেলোয়ার হোসেন, চেয়ারম্যান, ৫ নং গাজিরভিটা ইউ.পি., হালুয়াঘাট সভায় জানান যে, গাজিরভিটা ইউনিয়নে কমিউনিটি ক্লিনিক নিয়মিত না খোলায় সাধারণ মানুষ স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত হচ্ছে। তাছাড়া বর্ষায়ইউনিয়নের বিভিন্ন রাস্তা ভেঙ্গে গেছে বিধায় জরুরি ভিত্তিতে ভাঙ্গা রাস্তাগুলো সংস্কার করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পঃপঃ অফিসার, হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, গাজিরভিটা ইউ.পি.<br>৩। ইউ.পি. সচিব |
| ২.২৫ | বিলডোরা ইউ.পি. ঃ<br>জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, চেয়ারম্যান, ৬ নং বিলডোরা ইউ.পি., হালুয়াঘাট সভায় জানান যে, তাছাড়া বর্ষায়ইউনিয়নের বিভিন্ন রাস্তা ভেঙ্গে গেছে বিধায় জরুরি ভিত্তিতে ভাঙ্গা রাস্তাগুলো সংস্কার করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট<br>২। চেয়ারম্যান, বিলডোরা ইউ.পি.<br>৩। ইউ.পি. সচিব |
| ২.২৬ | শাকুয়াই ইউ.পি. ঃ<br>জনাব মোঃ নাজিম উদ্দিন, চেয়ারম্যান, ৭ নং শাকুয়াই ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, বর্ষায়ইউনিয়নের বিভিন্ন রাস্তা ভেঙ্গে গেছে বিধায় জরুরি ভিত্তিতে ভাঙ্গা রাস্তাগুলো সংস্কার করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, শাকুয়াই ইউ.পি.<br>৩। ইউ.পি. সচিব |
| ২.২৭ | নড়াইল ইউ.পি.<br>জনাব মোঃ সাইফুল ইসলাম, চেয়ারম্যান, ৮ নং নড়াইল ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, বর্ষা মৌসুমে ইটাখলা থেকে নড়াইল গামী এলজিইডি'র মাধ্যমে নির্মিত রাস্তাটির অনেক জায়গায় দুইপার্শ্বে ভাঙ্গনের সৃষ্টি হয়েছে। জরুরি ভিত্তিতে রাস্তাটি সংস্কার করণের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইটাখলা থেকে নড়াইল গামী এলজিইডি'র মাধ্যমে নির্মিত রাস্তাটি জরুরি ভিত্তিতে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, হালুয়াঘাট কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট, । |
| ২.২৮ | ধারা ইউ.পি. ঃ<br>জনাব তোফায়েল আহমদ বিপ্লব, চেয়ারম্যান, ৯ নং ধারা ইউ.পি., হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, ধারা ইউ.পি.<br>২। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট। |
| ২.২৯ | ধুরাইল ইউ.পি. ঃ<br>জনাব ওয়ারিছ উদ্দিন সুমন, চেয়ারম্যান, ১০ নং ধুরাইল ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, ধুরাইল ইউনিয়নের ধরাবন্নি, পূর্ব পাবিয়াজুরী ও কন্যাপাড়া এলাকায় অনেক পতিত জমি বোরো মৌসুমে সেচের আওতায় আনার লক্ষ্যে পাকা সেচ ড্রেইন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সম্ভাব্যতা যাচাই পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট। |
| ২.৩০ | আমতৈল ইউ.পি. ঃ<br>ক. জনাব মোঃ শফিকুর রহমান শফিক, চেয়ারম্যান, ১১ নং আমতৈল ইউ.পি., হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা সমাজসেবা অফিসের মাধ্যমে প্রদানকৃত ভাতা সমূহ বিতরণের সুনিশ্চিত করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, আমতৈল ইউনিয়ন এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার, হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, আমতৈল ইউ.পি. |
| ২.৩১ | স্বদেশী ইউ.পি. ঃ<br>জনাব আবু নাসের সরকার, প্যানেল চেয়ারম্যান, স্বদেশী ইউ.পি., হালুয়াঘাট সভায় জানান যে, তাছাড়া স্বদেশী ইউনিয়নের অন্তর্গত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে নিয়মিত কর্মকর্তা-কর্মচারী কেউ না বসায় সাধারণ মানুষ স্বাস্থ্য সেবা বঞ্চিত হচ্ছে বলে তিনি বসাকে অবহিত করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, আমতৈল ইউনিয়ন এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।<br>২। চেয়ারম্যান স্বদেশী ইউ.পি. |

পরিশেষে সভাপতি করোনাকালীন সময়ে এ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ডে মাননীয় জাতীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তাগণের পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে হালুয়াঘাট উপজেলা পরিষদকে সার্বিক সহযোগিতা প্রদান অব্যাহত রাখতে এবং দক্ষতা ও আন্তরিকতার সাথে সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মাহমুদুল হক সায়েম)
সভাপতি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ।

স্মারক নং-৪৬.৪৫.৬১২৪.০০১.০৬.০০১.২০-১৫৩ তারিখঃ ১২ অক্টোবর, ২০২১ খ্রি.।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১। জনাব জুয়েল আরেং, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৬, ময়মনসিংহ-১ (হালুয়াঘাট-ধোবাউড়া)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৭। সিভিল সার্জন, ময়মনসিংহ।
০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
০৯। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা -২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। মেয়র, হালুয়াঘাট পৌরসভা, হালুয়াঘাট, ময়মনসিংহ।
১১। উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট, ময়মনসিংহ।

অনুলিপি কার্যার্থে ঃ

১। উপজেলা.....................................................অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান,..................................................ইউনিয়ন পরিষদ (সকল), হালুয়াঘাট।
৩। জনাব.........................................................................সদস্য, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৪। অফিস কপি।

(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
হালুয়াঘাট, ময়মনসিংহ।